## প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ৫৬টি প্রতিষ্ঠানকে ২.৭৯ লক্ষ টাকা জরিমানা

**১৭ জানুয়ারি ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা জেলা কার্যালয়, বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ১৯ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, সিলেট, নাটোর, কিশোরগঞ্জ, ভোলা, সাতক্ষীরা, কুড়িগ্রাম, ফেনী, কক্সবাজার, পাবনা, বাগেরহাট, ঝালকাঠি, পঞ্চগড়, হবিগঞ্জ, পিরোজপুর, সুনামগঞ্জ, ঝিনাইদহ ও রংপুরে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর সাভার এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে আনিছ ফুড প্রোডাক্টসকে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে হাজী আমিন সুইটস এন্ড বেকারীকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকাসহ মোট **৮০,০০০/- (আশি হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহ এর নেতৃত্বে সিলেটের কোতয়ালী ও এয়ারপোর্ট থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **২২,০০০/- (বাইশ হাজার)** টাকা, নাটোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফারুক আহমেদের নেতৃত্বে নাটোরের বড়াইগ্রাম উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হাসানের নেতৃত্বে কিশোরগঞ্জ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ নাজমুল হাসানের নেতৃত্বে ভোলার দৌলতখান উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, সাতক্ষীরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে সাতক্ষীরা সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রামের নাগেশ্বরী উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, ফেনী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ রায়হান কুদ্দুসের নেতৃত্বে ফেনী সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, কক্সবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে কক্সবাজার সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা ও অভিযোগের ভিত্তিতে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে কড়াই রেস্তোরা ও হান্ডি কক্সবাজারকে যথাক্রমে **৮,০০০/- (আট হাজার)** টাকা ও **১০,০০০/- (দশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৪,৫০০/- (চার হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম উদ-দৌলার নেতৃত্বে পাবনার সুজানগর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, বাগেরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে বাগেরহাট সদর উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠির কাঠালিয়া উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের নেতৃত্বে পঞ্চগড়ের দেবীগঞ্জ উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **২২,০০০/- (বাইশ হাজার)** টাকা, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে হবিগঞ্জ সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, পিরোজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে পিরোজপুর সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জের তাহেরপুর উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **৩২,০০০/- (বত্রিশ হাজার)** টাকা, ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে ঝিনাইদহের শৈলকূপা উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)** টাকা, রংপুর বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা ও রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকাসহ মোট **১,৯৯,৫০০/- (এক লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, ওজনে কারচুপি ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের **১৯টি** বাজার তদারকির মাধ্যমে **৫৬টি** প্রতিষ্ঠানকে মোট **২,৭৯,৫০০/- (দুই লক্ষ উনআশি হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **২ জন** অভিযোগকারীকে মং **৪,৫০০/- (চার হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, শিল্প ও বণিক সমিরিত প্রতিনিধি, স্যানেটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক (কার্যক্রম)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, রংপুর ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, সিলেট, নাটোর, কিশোরগঞ্জ, ভোলা, সাতক্ষীরা, কুড়িগ্রাম, ফেনী, কক্সবাজার, পাবনা, বাগেরহাট, ঝালকাঠি, পঞ্চগড়, হবিগঞ্জ, পিরোজপুর, সুনামগঞ্জ, ঝিনাইদহ ও রংপুর।
৭। পুলিশ সুপার, ঢাকা, সিলেট, নাটোর, কিশোরগঞ্জ, ভোলা, সাতক্ষীরা, কুড়িগ্রাম, ফেনী, কক্সবাজার, পাবনা, বাগেরহাট, ঝালকাঠি, পঞ্চগড়, হবিগঞ্জ, পিরোজপুর, সুনামগঞ্জ, ঝিনাইদহ ও রংপুর।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।